



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

ফোন:
৮১৮০১৪৪
ফ্যাক্স:
৮১৮৯০২৯

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪ .১৩-২২৯২


তারিখঃ ২৩/১১/২০১৪ খ্রিঃ।

পরিপত্র

বিষয়ঃ নিয়মিত মাসিক সঞ্চয় ও ঋণ আদায় পর্যালোচনা সভা আয়োজন।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পের কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধি, সমিতির সাংগঠনিক ও ঋণ কার্যক্রমে ম্যানেজারদের অগ্রহ বৃদ্ধিসহ তাদের সক্রিয় অংশগ্রহন নিশ্চিত করতে প্রকল্পভূক্ত সমিতির ম্যানেজার ও প্রকল্প কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে ‘মাসিক সঞ্চয় ও ঋণ আদায় পর্যালোচনা সভা’ আয়োজনের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

- ১। ‘মাসিক সঞ্চয় ও ঋণ আদায় পর্যালোচনা সভা’ মাসে একবার এবং তা প্রতি মাসের ১০ তারিখের মধ্যে আয়োজন করতে হবে;
- ২। সভায় পূর্ববর্তী মাসের সাংগঠনিক ও ঋণ কার্যক্রমের অগ্রগতিসহ সমিতির উন্নয়নমূলক বিভিন্ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করবে;
- ৩। উপজেলার আদায়কৃত সেবামূল্যের পরিচালন ব্যয় খাত হতে সভায় অংশগ্রহনকারী সংশ্লিষ্ট সমিতির ম্যানেজারদের নিম্নোক্ত শর্তে ২০০/- (দুই’শ) টাকা হারে সম্মানী ভাতা প্রদান করা যাবে :
 - ক) সংশ্লিষ্ট সমিতিতে কমপক্ষে ২.৫০ লক্ষ টাকা ঋণ বিতরণ থাকতে হবে;
 - খ) সভার পূর্ব মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতির সঞ্চয়, সেবামূল্য ও ঋণের কিস্তি ১০০% পরিশোধ থাকতে হবে;
 - গ) সংশ্লিষ্ট সমিতির ম্যানেজারকে সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে।
- ৪। সভায় অংশগ্রহনকারী সমিতির ম্যানেজার ও প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের আপ্যায়নের জন্য অর্জিত সেবামূল্যের পরিচালন ব্যয় খাত হতে আপ্যায়ন ব্যয় বাবদ প্রতি মাসে সর্বোচ্চ ৫০০/- (পাঁচশত) টাকা ব্যয় করা যাবে। তবে শর্ত থাকে যে, উপজেলায় উপরোক্ত শর্তানুসারে ভাতা পাওয়ার যোগ্য ম্যানেজারের সংখ্যা ৫ (পাঁচ) জনের কম হলে সভা আয়োজন এবং আপ্যায়ন বাবদ কোন অর্থ ব্যয় করা যাবে না। এ ক্ষেত্রে শুধুমাত্র উপরোক্ত নির্দেশনা মোতাবেক ম্যানেজারদেরকে সম্মানী ভাতা প্রদান করা যাবে।
- ৫। সভায় অংশগ্রহনকারী ম্যানেজারের উপস্থিতি ও সম্মানী ভাতা প্রদানের তথ্য সংযুক্ত ছক মোতাবেক স্থায়ী রেজিস্টারে সংরক্ষণ এবং একই ছকে সম্মানী ভাতা প্রদানের মাষ্টার রোল প্রস্তুত করতে হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন-০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপ পরিচালক, বিআরডিবি, -----জেলা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা-----, জেলাঃ-----।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা-----, জেলাঃ-----।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. সংশ্লিষ্ট নথি/অফিস নথি।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)

-----উপজেলা, -----জেলা।

মাসিক 'সঞ্চয় ও ঋণ আদায় পর্যালোচনা সভা'য় ম্যানেজারদের ভাতা প্রদানের মাস্টাররোলঃ

সভার স্থান :-----

তারিখঃ-----

ক্র নং	ম্যানেজারের নাম	সমিতির নাম	ঋণ গ্রহণ		সভার তারিখের পূর্ব মাস পর্যন্ত আদায়ের লক্ষ্যমাত্রা			সভার তারিখ পর্যন্ত আদায়			লক্ষ্যমাত্রা বিপরীতে আদায়ের হার	ভাতার পরিমাণ (টাকা)	গ্রহীতার স্বাক্ষর
			তারিখ	পরিমাণ	সঞ্চয়	সেবামূল্য	ঋণ	সঞ্চয়	সেবামূল্য	ঋণ			
১	২		৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
১													
২													
৩													
৪													
৫													
৬													
৭													
৮													
৯													
১০													
মোট=													

বিঃ দ্রঃ কলাম নং ১২ এ বর্ণিত লক্ষ্যমাত্রার বিপরীতে আদায়ের হার শতভাগ (১০০%) হলেই শুধুমাত্র সংশ্লিষ্ট সমিতির ম্যানেজারগণ ২০০ টাকা হারে ভাতা পাওয়ার যোগ্য হবেন।

হিসাব সহকারী

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি।